## যাকাত ফান্ড বিভাগ ঃ

১৯৮২ সালের ৫ জুন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এক অধ্যাদেশ বলে যাকাত ফান্ড গঠন করেন এবং এ ফান্ড পরিচালনার জন্য উক্ত অধ্যাদেশে ১৩ সদস্য বিশিষ্ট যাকাত বোর্ড গঠন করা হয়। বোর্ড-এর সিদ্ধান্তসমূহ সদস্য-সচিব তথা ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক যথানিয়মে বাস্তবায়ন করে থাকেন। **যাকাত ফান্ড অর্ডিন্যান্স অনুযায়ী** ১৯৮২ সাল থেকে ৬৪ জেলায় বিত্তবানদের নিকট হতে সংগৃহীত মোট অর্থের অর্ধেক পরিমাণ অর্থাৎ ৫০% অর্থ সরাসরি জেলা **যাকাত কমিটির** মাধ্যমে গরীব ও অসহায়দের মধ্যে বিতরণ করা হয়। **জেলা যাকাত কমিটি** যাকাত আদায় ও বিতরণ কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করে থাকেন। তাছাড়া, আর্থিক সাহায্য প্রাপ্তির জন্য যারা **যাকাত বোর্ড** কার্যালয়ে আবেদন করে থাকেন, তাদের আবেদনসমূহ সংশ্লিষ্ট জেলা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক **জেলা যাকাত কমিটির মাধ্যমেই** বিতরণের জন্য প্রধান কার্যালয় হতে অর্থ প্রেরণ করা হয়ে থাকে। যাকাত ফান্ডের একটা নির্ধারিত পরিমাণ অর্থ দ্বারা টঙ্গী যাকাত বোর্ড শিশু হাসপাতালে শিশুদের চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। যাকাতের অর্থে বিভিন্ন জেলায় ২৩টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২. ১৯৮২ সাল থেকে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত যাকাত বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রমের মাধ্যমে ব্যয়িত অর্থের পরিমাণ **১৭,০০,২৪,৪৬৩/-** টাকা, উপকারভোগীর সংখ্যা **৭,৮৮,৫১৪**জন। যাকাত ফান্ডের সংগৃহীত অর্থ দ্বারা পরিচালিত কার্যক্রম সমূহ নিম্নরূপ ঃ

**(১) যাকাত বোর্ড শিশু হাসপাতাল** ঃ এ কার্যক্রমের আওতায় টঙ্গীস্থ শিশু হাসপাতাল পরিচালনার মাধ্যমে দু:স্থ শিশুদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। ১৯৮৪ সাল থেকে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত দু:স্থ শিশুদের চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে ১,১৮,০১,৯৬০/- টাকা এবং উপকারভোগীর সংখ্যা ৭,১৪,৩৫৪ জন।

**(২) সেলাই প্রশিক্ষণার্থী দু:স্থ মহিলাদের যাকাত ভাতা** ঃ ২০১৩-১৪ অর্থ বছর হতে ২৩টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রে প্রত্যেক কোর্সে প্রশিক্ষণার্থীদেরকে যাকাত ভাতা প্রদান করা হয়েছে ৮১,১১,০০০/- টাকা ব্যয়ে ৩৪১৬জন

**(৩) সেলাই প্রশিক্ষণ কার্যক্রম (২৩টি কেন্দ্র)** ঃ এ কার্যক্রমের আওতায় ২০ জেলায় ২৩টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দু:স্থ মহিলাদের কর্মক্ষম করার ক্ষেত্রে সহায়তা প্রদান করা হচ্ছে। শুরু থেকে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত **২,০৯,০১,০০০/-** টাকা ব্যয়ে **২০১৫২** জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**(৪) সেলাই প্রশিক্ষণ সমাপ্তকারী দু:স্থ মহিলাদের সেলাই মেশিন প্রদান** ঃ পুনর্বাসনের উদ্দেশ্যে প্রশিক্ষণ সমাপ্তকারী দু:স্থ-অসহায় মহিলাদের সেলাই মেশিন বিতরণ কার্যক্রম চালু করা হয়েছে। ২০১০-১১ থেকে ২০১৫-১৬ অর্থ বছরে ৭৮,৪৫,০০০/- টাকা ব্যয়ে ১৩১৭ জনকে সেলাই মেশিন প্রদান করা হয়েছে।

**(৫) প্রতিবন্ধি পুনর্বাসন** ঃ প্রতিবন্ধিদের আর্থিক সহায়তার মাধ্যমে পুনর্বাসন কর্মসূচির আওতায় ১৮০০০০০/- টাকায় এ পর্যন্ত ৪০০ জনকে পুনর্বাসনের লক্ষ্যে সহায়তা করা হয়েছে।

**(৬) দু:স্থ পুরুষদের কর্মসংস্থান কার্যক্রম** ঃ রিকসা/ভ্যানগাড়ী/ক্ষুদ্র ব্যবসায় পুঁজি প্রদানের নিমিত্ত জেলা যাকাত কমিটির মাধ্যমে দু:স্থ পুরুষদের কর্মসংস্থানের জন্য ১,৫১,৩৭,০৮৮/- টাকা ব্যয়ে ২৭৩৭ জনকে সহায়তা করা হয়েছে।

**(৭) যাকাত ভাতা** ঃ হাঁস-মুরগী, ছাগল-গরু পালন, সেলাই মেশিন প্রদানের মাধ্যমে বিধবাসহ দু:স্থদের সমাজ জীবনে পুনর্বাসনের নিমিত্ত ১,৬০,৯৮,০২০/- টাকা ব্যয়ে ৭৬০২ জনকে সহায়তা করা হয়েছে।

**(৮) শিক্ষাবৃত্তি প্রদান (ছাত্র/ছাত্রী)** ঃ দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে শিক্ষাবৃত্তি প্রদানের মাধ্যমে ১,৩৭,৯৭,৪৮১/- টাকায় ১৫৮৭২ জনকে সহায়তা করা হয়েছে।

**(৯) নও-মুসলিম স্বাবলম্বীকরণ কার্যক্রম** ঃ দু:স্থ নওমুসলিমদের আর্থিক সাহায্য সহযোগিতা দানের মাধ্যমে পুনর্বাসনের নিমিত্ত ২৫,৬৩,০০০/- টাকায় ৩৬৩ জনকে সহায়তা করা হয়েছে।

**(১০) দু:স্থ ও গরীব রোগীদের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা কার্যক্রম** ঃ দু:স্থ, অসহায় গরীব রোগীদের চিকিৎসা ব্যয় নির্বাহের লক্ষ্যে ৬৩,৪৯,২৬৯/- টাকায় আর্থিক সহায়তার মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে ১৩৯৬ জনকে।

**(১১) ৩টি পার্বত্য জেলায় নওমুসলিমদের আর্থিক সাহায্য** ঃ ২০১১-১২ অর্থ বছর থেকে এ কার্যক্রমের আওতায় পার্বত্য জেলায় নওমুসলিমদের ৩২,৭৫,০০০/- টাকায় ৫৯৫ জনকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**(১২) মঙ্গা/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের ত্রাণ ও পুনর্বাসন** ঃ প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের ত্রাণ ও পুনর্বাসনে ১,৮২,২১,৫৭৩/- টাকায় ১১৩৬৫ জনকে সহায়তা প্রদান করা হয়েছে।

**(১৩) বৃক্ষরোপণ/নার্সারী সহায়তা কার্যক্রম** ঃ দু:স্থ, অসহায় গরীব ইমামগণের বৃক্ষরোপন/নার্সারী বাবদ সহায়তার মাধ্যমে পরিবেশ উন্নয়নসহ অর্থনৈতিকভাবে পুনর্বাসনের লক্ষ্যে ২১১২ জনকে ৩৮,০০,০০০/- আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে ।

(১৪) এছাড়াও ইসলামিক ফাউন্ডেশনের ৬৪টি জেলা কার্যালয়ের মাধ্যমে এ যাবত সংগৃহীত টাকার ৫০% টাকা প্রতিবন্ধি পুনর্বাসন, দু:স্থ পুরুষদের কর্মসংস্থান কার্যক্রম, যাকাত ভাতা, শিক্ষাবৃত্তি প্রদান, নও-মুসলিম স্বাবলম্বীকরণ কার্যক্রম এবং দু:স্থ-গরীব রোগীদের চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা কার্যক্রম খাতে জেলা কার্যালয়ের মাধ্যমে প্রদান করা হয়েছে । ২০১৫-১৬ অর্থ বছরে গড়ে জনপ্রতি ৫০০০/- টাকা হারে ১৩৫৫জনকে ৮১,২৮,৮৮৩/- টাকা প্রদান করা হয়েছে।

৩. কোন নির্দিষ্ট বছরে অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের পর বৈধভাবে অর্জিত ৭½ তোলা স্বর্ণ বা ৫২½ তোলা রৌপ্য বা সমমূল্যের অর্থ/সম্পদের মালিক হলে তার উপর শতকরা ২½ ভাগ যাকাত আদায় করা ফরজ। যাকাত বোর্ডের সকল কার্যক্রম ইসলামী শরীয়াহ মুতাবিক পরিচালিত হয়। পবিত্র কুরআনে সুরা আত-তাওবা'য় নির্ধারিত ৮টি খাতে যাকাতের অর্থ ব্যয় করার জন্য বলা হয়েছে। **যাকাত বোর্ড** বাস্তবতার আলোকে বিভিন্ন কার্যক্রম/কর্মসূচি গ্রহণের মাধ্যমে যাকাতের অর্থে নি:স্ব ও অসহায়দের স্থায়ীভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

৪. (ক) রাষ্ট্রায়ত্ব সকল সরকারি ও বেসরকারি ব্যাংকের যেকোন শাখায় **"সরকারি যাকাত ফান্ড"** শিরোনামে নির্ধারিত একাউন্ট নম্বরে যাকাতের অর্থ জমা নেয়া হয়। (খ) রসিদ প্রদানের মাধ্যমে নগদে অথবা চেকে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররমস্থ দপ্তরসহ আগারগাঁওস্থ যাকাত বোর্ড দপ্তরে এবং ৬৪ জেলা কার্যালয়ে যাকাতের অর্থ গ্রহণ করা হয়ে থাকে। (গ) যাকাতের অর্থ আয়কর মুক্ত।

তারিখ ঃ ২৫.১০.২০১৬খ্রি.

(মোঃ আবদুল হাই ভূঁইয়া)
পরিচালক
যাকাত ফান্ড বিভাগ
ফোন ঃ ৮১৮১৭২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশসরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্থা শাখা।
www.mora.gov.bd

নং-১৬.০০.০০০০ ০০৪.০১.১১৩.১৪-১২৯

তারিখঃ ২০.০৩.২০১৬ খ্রিঃ
০৬.১২.১৪২২ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

যাকাত ফান্ড অধ্যাদেশ, ১৯৮২-এর ৫নং ধারামতে সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে যাকাত বোর্ড পুনর্গঠন করলেনঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | : | সভাপতি |
| (২) | মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ, প্রাক্তন পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং চেয়ারম্যান, ইসলামিক গবেষণা পরিষদ, ঢাকা।<br>বাসা : প্লট-২, রোড-১/ক, ব্লক-জে, বারিধারা, ঢাকা,মোবাইল-০১৭১৫-০৪৩০৬৮। | : | সহ-সভাপতি |
| (৩) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | : | সদস্য (পদাধিকার বলে) |
| (৪) | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা। | : | সদস্য-সচিব (পদাধিকার বলে) |
| (৫) | জনাব মোঃ আমজাদ আলী, যুগ্ম-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | : | সদস্য |
| (৬) | জনাব মোঃ আবদুন নূর (অতিরিক্ত সচিব)<br>চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা, মোবাইল-০১৭১৩-০০১২৩২। | : | সদস্য |
| (৭) | প্রফেসর ড. এ. কে. এম. ইয়াকুব হোসেন<br>অধ্যক্ষ, সরকারী মাদ্রাসা-ই-আলীয়া, ঢাকা। | : | সদস্য |
| (৮) | প্রফেসর মাওলানা মোহাম্মদ সালাহ্ উদ্দিন<br>খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ, ঢাকা।<br>ফোন-৯৫৬৩৩৮১, মোবাইল-০১৭১২-২২৬৯৫৪। | : | সদস্য |
| (৯) | মাওলানা মোঃ হুশাম উদ্দিন চৌধুরী<br>মহাসচিব, আঞ্জুমানে আল ইলাহ্, ফুলতলী, সিলেট।<br>বাসাঃ ফুলতলী ভবন, ১৯/এ, নয়া পল্টন, ঢাকা,মোবাইল-০১৭১৫-০০৯২৪৫ | : | সদস্য |
| (১০) | জনাব হাবীবুল মতিন সরকার<br>পরিচালক, চলতি দায়িত্ব, বিশ্বকোষ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা। | : | সদস্য |
| (১১) | জনাব শেখ সাঈদুল ইসলাম, প্রাক্তন জেলা ও দায়রা জজ<br>বাড়ী নং-১৯, রোড-২, মোহাম্মদিয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা।<br>মোবাইল-০১৫৫৬-৫০২৫৬৭, ফোনঃ ৮১৫৮২৪৯ (বাসা)। | : | সদস্য |
| (১২) | ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা। | : | সদস্য |
| (১৩) | ড. মোঃ আবুল কালাম আজাদ, মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব)<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | : | সদস্য |

২। যাকাত বোর্ডের সদস্যগণের মেয়াদকাল প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ৩ বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে সরকার প্রয়োজনে যে কোন সময় বোর্ড পুনর্গঠন করতে পারবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষর) ২০/৩/১৬

(এস.এম. মনিরুজ্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৫৮৯।
E-mail : moragovbd@gmail.com

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
(উপরোক্ত বিজ্ঞপ্তি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

(অঃ পৃঃ দ্রঃ)

নং-১৬.০০.০০০০.০০৪.০১.১১৩.১৪-১২৯

তারিখঃ ২০.০৩.২০১৬ খ্রিঃ
০৬.১২.১৪২২ বঙ্গাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে।

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ, প্রাক্তন পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং চেয়ারম্যান, ইসলামিক গবেষণা পরিষদ, ঢাকা। বাসা : প্লট-২, রোড-১/ক, ব্লক-জে, বারিধারা, ঢাকা,মোবাইল-০১৭১৫-৭৪৩০৬৮।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৫. জনাব মোঃ আমজাদ আলী, যুগ্ম-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬. জনাব মোঃ আবদুন নূর (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা, মোবাইল-০১৭১৩-০০১২৩২।
৭. প্রফেসর ড. এ. কে. এম. ইয়াকুব হোসেন, অধ্যক্ষ, সরকারী মাদ্‌রাসা-ই-আলীয়া, ঢাকা।
৮. প্রফেসর মাওলানা মোহাম্মদ সালাহ্ উদ্দিন, খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ, ঢাকা। ফোন-৯৫৬৩৩৮১, মোবাইল-০১৭১২-২২৬৯৫৪।
৯. মাওলানা মোঃ হুশাম উদ্দিন চৌধুরী, মহাসচিব, আঞ্জুমানে আল ইসলাহ, ফুলতলী, সিলেট। বাসাঃ ফুলতলী ভবন, ১৯/এ, নয়া পল্টন, ঢাকা,মোবাইল-০১৭১৫-০০৯২৪৫
১০. জনাব হাবীবুল মতিন সরকার, পরিচালক, চলতি দায়িত্ব, বিশ্বকোষ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১১. জনাব শেখ সাঈদুল ইসলাম, প্রাক্তন জেলা ও দায়রা জজ। বাড়ী নং-১৯, রোড-২, মোহাম্মদিয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা। মোবাইল-০১৫৫৬-৫০২৫৬৭, ফোনঃ ৮১৫৮২৪৯ (বাসা)।
১২. ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৩. ড. মোঃ আবুল কালাম আজাদ, মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(এস.এম. মনিরুজ্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৫৮৯।
E-mail : moragovbd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
**যাকাত বোর্ড**
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

সূত্র নং ঃ যাকাত/প্র.সি.বা./১০২/১৯৯৯/(অংশ-খ)/ ৮(১৬৫)    তারিখ ঃ ১৫/০৭/২০০৯ ইং

**বরাবর**

জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা যাকাত কমিটি
...................... জেলা।

বিষয় ঃ **যাকাত বোর্ডের ১৬/০৬/২০০৯ তারিখে অনুষ্ঠিত ৪০তম সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

জনাব

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

বোর্ডের কার্যক্রম শক্তিশালী, গতিশীল ও সম্প্রসারণ বিষয়ে জেলা প্রশাসকগণের পরামর্শের আলোকে *১৬/০৬/২০০৯ তারিখে অনুষ্ঠিত ৪০তম বোর্ড সভার নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।*

০১. **জেলা যাকাত কমিটি পুণ:গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (০১) | জেলা প্রশাসক- | ঃ সভাপতি (জেলা প্রশাসক অমুসলিম হলে তাঁর মনোনীত একজন এ.ডি.সি কমিটির সভাপতি হবেন)। |
| (০২) | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | ঃ সচিব (পদাধিকার বলে) |
| (০৩) | জেলা সদরের পৌরসভার মেয়র- | ঃ সদস্য (পদাধিকার বলে, অমুসলিম হলে তাঁর মনোনীত একজন) |
| (০৪) | সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | ঃ সদস্য (পদাধিকার বলে, অমুসলিম হলে তাঁর মনোনীত একজন) |
| (০৫) | জেলা সদরের বড় মসজিদের ইমাম | ঃ সদস্য (জেলা প্রশাসক মনোনীত ) |
| (০৬) | অধ্যক্ষ, আলীয়া মাদরাসা | ঃ সদস্য (জেলা প্রশাসক মনোনীত) |
| (০৭) | মুহতামিম, বড় ক্বওমী মাদরাসা | ঃ সদস্য (জেলা প্রশাসক মনোনীত ) |
| (০৮) | বিশিষ্ট মুফতী একজন | ঃ সদস্য (জেলা প্রশাসক মনোনীত ) |
| (০৯) | উপ-করকমিশনার (ট্যাক্স) | ঃ সদস্য (পদাধিকার বলে, অমুসলিম হলে তাঁর মনোনীত একজন) |
| (১০) | সর্বোচ্চ যাকাত দাতা সদস্য-১ | ঃ সদস্য (৫০ হাজার টাকার উর্দ্ধে সর্বোচ্চ যাকাত দাতা) |
| (১১) | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | ঃ সদস্য (কো-অপ্ট করা যেতে পারে) |

জেলা পর্যায়ে যাকাত সংগ্রহ ও বিতরণের জন্য একটি কমিটি থাকবে, এর সকল সদস্য মুসলিম হবেন। মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন ও সচিব যাকাত বোর্ডের অনুমতিক্রমে শিল্প এলাকা জেলা সমূহে শিল্প মালিক সমিতির প্রতিনিধি এবং অন্যান্য জেলার ২জন সদস্যকে জেলা যাকাত কমিটিতে অন্তর্ভূক্ত করা যাবে। জেলা পর্যায়ে আদায়কৃত অর্থ যাকাত ফান্ডে প্রেরণের পরিমাণ নির্ধারণ, যাকাত সংগ্রহকারী নির্ধারণ, উসর সংগ্রহ ও বন্টন পদ্ধতি এবং যাকাত ফান্ড অধ্যাদেশ সংশোধন সংক্রান্ত গঠিত কমিটির সুপারিশ ও বোর্ড কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথারীতি জানানো হবে।

০২. ২০০৯-১০ অর্থ বছর থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩জন জেলা প্রশাসক, ৩জন উপজেলা নির্বাহী অফিসার এবং ৩জন উপ-পরিচালক এবং প্রত্যেক বিভাগের ৩জন সর্বোচ্চ যাকাত সংগ্রহকারী ইমাম/কর্মকর্তা/ কর্মচারীকে পুরস্কার সম্মামনা ও সনদ প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে।

০৩. সর্বোচ্চ যাকাত আদায়কারী জেলার আদায়ের ভিত্তিতে ১০টি জেলায় ২০০৯-১০ অর্থ বছরে কম্পিউটার প্রশিক্ষণ সেন্টার চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বোর্ডের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত স্বেচ্ছায় প্রনোদিতভাবে আগ্রহী ইমাম/শিক্ষক/ব্যক্তির মাধ্যমে রসিদ মারফত আদায়ের ব্যবস্থা করতে হবে।

০৪. যাকাত আদায়ের পোষ্টার, পত্রের নমুনা, যাকাত আদায়ের রসিদ বই ও যাকাত পুস্তিকা শীঘ্রই জেলায় প্রেরণ করা হবে। যাকাত ফান্ড পুস্তিকার নির্দেশনা অনুযায়ী প্রার্থী বাছাই, যাকাত সংগ্রহ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। রসিদ মূলে যাকাতের অর্থ গ্রহণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫. কেন্দ্রীয়ভাবে গৃহীত কার্যক্রমের আলোকে প্রত্যেক জেলায় জেলা যাকাত কমিটি বার্ষিক বাজেট প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ করতে হবে। বোর্ড কর্তৃক ২০০৯-১০ অর্থ বছরে (১৪৩০-৩১ যাকাত বর্ষ) অনুমোদিত বাজেটের কপি এতদসঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০৬. প্রত্যেক উপজেলায় রমজান মাসে যাকাত সংগ্রহঅনুষ্ঠান বাস্তবায়নের জন্য ১০০০/- টাকা এবং প্রচার-প্রসার বাবদ ৫০০/- টাকা প্রেরণ করা হবে। এই অর্থে রমজানের ১০-১৭ তারিখের মধ্যে যাকাত সংগ্রহ সপ্তাহ উপলক্ষ্যে আনুষ্ঠানিকভাবে যাকাত আদায়ের জন্য প্রত্যেক উপজেলায় অনুষ্ঠানের আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া প্রতি মৌসুমে উসর আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭. জেলায় আদায়কৃত যাকাতের অর্থ সংশ্লিষ্ট যাকাত বর্ষের (১লা রমজান থেকে শাবান মাসের শেষ তারিখ পর্যন্ত) মধ্যে নির্ধারিত খাতে প্রাপ্য ব্যক্তিদের মধ্যে বন্টন নিশ্চিত করতে হবে। যাকাত অর্থ অব্যয়িত রাখা যাবে না।

০৮. প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী জেলা সকল বিত্তবান মুসলিম যাকাত দাতাগণকে জেলা প্রশাসকের স্বাক্ষরে পত্র দেয়া যেতে পারে (পত্রের নমুনা সংযুক্ত)।

০৯. আদায়কৃত এবং প্রাপ্ত অর্থ এবং বিতরণকৃত অর্থের আয়-ব্যয়ের মাসিক প্রতিবেদন সংযুক্ত নমুনা 'ছকে' যাকাত বোর্ডে প্রেরণ করতে হবে।

১০. প্রত্যেক জেলায় যে কোন ব্যক্তি দান/চাঁদা গ্রহণের স্থানীয় সোনালী ব্যাংকে দাতব্য তহবিলে যাকাত বোর্ড শিরোনামে একটি সুদবিহীন হিসাব খুলতে হবে। এই হিসাবে জমাকৃত অর্থ জেলা যাকাত কমিটির মাধ্যমে দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসা ও ধর্মীয় এবং কল্যাণমূলক কাজে ব্যয় করা যাবে এবং বিতরণকৃত অর্থে অর্থ বছর ভিত্তিক পৃথক রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

১১. প্রত্যেক মৌসুমে বৃষ্টির পানিতে উৎপাদিত ফসলের ১০ ভাগ এবং সেচের মাধ্যমে উৎপাদিত ফসলের ২০ ভাগ ফসল উসর (যাকাত) হিসাবে স্থানীয়ভাবে সংগ্রহ ও বিতরণের ব্যবস্থা করতে হবে। এই উসর সম্পর্কে জেলার প্রত্যেক মসজিদ ও ওয়াজ মাহফিলে এবং জেলা/উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে নিশ্চিত আলোচনা ও ফলো-আপ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২. নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর কমিটির পক্ষ থেকে প্রেরিত কর্মকর্তা মনোনীত ফিল্ড সুপারভাইজার মারফত সংশ্লিষ্ট উপজেলায় সরজমিনে যাচাই-বাছাই করে যাকাতের অর্থ/সামগ্রী প্রকৃত প্রার্থীদের নির্বাচন পূর্বক কর্মসংস্থান এবং পূণর্বাসন তথা দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্য বন্টন করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

(সামীম মোহাম্মদ আফজাল)
মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
ও
সচিব, যাকাত বোর্ড
ফোনঃ ৯১১৫০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
**যাকাত বোর্ড**
(ইসলামিক ফাউন্ডেশন ভবন)
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

সূত্র নং ঃ যাকাত/ সভা/প্র.-১(১)/অংশ-৬/২০০৯/ ৭৯(৬০৮) তারিখঃ ২১/১২/২০১৪খ্রি.

**পরিচালক/উপ-পরিচালক**
ইসলামিক ফাউন্ডেশন
........................ বিভাগীয়/জেলা কার্যালয়।

বিষয়ঃ **উপজেলা যাকাত কমিটি গঠন প্রসঙ্গে ।**

জনাব,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

যাকাতের অর্থ সংগ্রহ ও বিতরণ প্রক্রিয়াকে সহজীকরণের লক্ষ্যে যাকাত বোর্ডের ৪৮তম সভায় ৬৪ জেলার ৪৭৮টি উপজেলায় (মুসলিম জনসংখ্যা অধ্যুষিত) উপজেলা যাকাত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার- | আহবায়ক |
| ২) | আলিয়া নেসাবের একজন আলেম | সদস্য |
| ৩) | কওমী নেসাবের একজন আলেম | সদস্য |
| ৪) | উপজেলা মসজিদের খতিব/ইমাম | সদস্য |
| ৫) | প্রশিক্ষণপ্রাপ্ত উপজেলা ইমাম সমিতির সভাপতি | সদস্য |
| ৬) | বিশিষ্ট ব্যবসায়ী/সমাজ সেবক | সদস্য |
| ৭) | সংশ্লিষ্ট উপজেলা ইসলামিক মিশনের এসপিও/পিও/ফিল্ড সুপারভাইজার (মউশিক) | সদস্য-সচিব |

যাকাত সংগ্রহের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণের আন্তরিক ও সক্রিয় সহযোগিতা উপজেলা যাকাত কমিটি গঠনের মাধ্যমে আরো বেগবান ও কার্যকর হবে বলে আমাদের বিশ্বাস। এমতাবস্থায়, উল্লিখিত সদস্য সমন্বয়ে উপজেলা যাকাত কমিটি গঠনে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২১/১২/১৪
**(খিজির হায়াত খান)**
পরিচালক, যাকাত ফান্ড বিভাগ
ফোন: ৮১৮১৫৩৬
তারিখ ঃ ২১/১২/২০১৪খ্রি.

সূত্র নং যাকাত/সভা/প্র.-১(১)/অংশ-৬/২০০৯/
অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. মাননীয় জেলা প্রশাসক ও সভাপতি, জেলা যাকাত কমিটি, ......................
২. উপজেলা নির্বাহী অফিসার, ...........................................................
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়কে সদয় অবহিত করণের জন্য)।
৪. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

২১/১২/১৪
**(মুহাম্মদ রফিক-উল ইসলাম)**
উপ-পরিচালক, যাকাত ফান্ড বিভাগ
ফোন: ৮১৮১৭২২

# বর্তমান চালুকৃত সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের নাম ও ঠিকানা

তারিখ ২৫.১০.২০১৬খ্রি.

| ক্রম | স্থানের নাম | ডাকঘর | উপজেলা | জেলা | ফোন/মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ০১. | ছাতুগাঁও | ছাতুগাঁও | হালুয়াঘাট | ময়মনসিংহ | ০১৭২০-০০৫৭৪৯ |
| ০২. | ধুমালীপাড়া | ধুমালাপাড়া | বকশীগঞ্জ | জামালপুর | ০১৭১৫-৩০৩৪৫৭ |
| ০৩. | সৈয়দপুর | ওয়াহিদাবাদ | বোয়ালমারী | ফরিদপুর | ০১৭২০-০৮৬৪০২ |
| ০৪. | জালীয়াপাড়া | গুইমারা | রামগড় | খাগড়াছড়ি | ০১৭১৫-৪৫০৪৯০ |
| ০৫. | খিলপাড়া | খিলপাড়া | চাটখিল | নোয়াখালী | ০১৭২২-৭৫৯৯৩৯ |
| ০৬. | নরপতি | নরপতি | চুনারুঘাট | হবিগঞ্জ | ০১৭২০-২২৫৫১৬ |
| ০৭. | শমসেরনগর | শমসেরনগর | কমলগঞ্জ | মৌলভীবাজার | ০১৭২০-২২৫৫১৬ |
| ০৮. | মুন্সীবাড়ী | ধরণীবাড়ী | উলিপুর | কুড়িগ্রাম | ০১৭১৪-২৫৬৭৮০ |
| ০৯. | গোলমুন্ডা | গোলমুন্ডা | জলঢাকা | নীলফামারী | ০১৭১০-৯১৯৪১১ |
| ১০. | খেদাবাগ | খেদাবাগ | লালমনিরহাট | লালমনিরহাট | ০১৭১৫-৫৫১৬১৯ |
| ১১. | রানীপুকুর | ধর্মপুর | বিরল | দিনাজপুর | ০৫৩২-৪৫৬০৩৭, ০১৭১২-৫৭৪১২৫ |
| ১২. | রতনপুর | রতনপুর | বিরামপুর | দিনাজপুর | ০১৭১০-৮৬৮৬৯৯ |
| ১৩. | রানীগঞ্জ | আটোয়ারী | আটোয়ারী | পঞ্চগড় | ০১৭১০-৮৬৯৩৫৭ |
| ১৪. | বড়কসবা | টরকীবন্দর | গৌরনদী | বরিশাল | ০১৭১৬-৯১৯৯৯১ |
| ১৫. | ছোট বিঘাই | অফিসের হাট | পটুয়াখালী | পটুয়াখালী | ০১৭২০-২০১৫৭৩ |
| ১৬. | পূর্ব গুপ্তমুন্সী | ইলিশাহাট | ভোলা | ভোলা | ০১৭১০-৯৪০৫৯৬ |
| ১৭. | সুয়ালক | বান্দরবান | বান্দরবান | বান্দরবান | |
| ১৮. | ঘুমধুম | বালুখালী | নাইক্ষ্যংছড়ি | বান্দরবান | |
| ১৯. | তবলছড়ি | তবলছড়ি | মাটিরাঙ্গা | খাগড়াছড়ি | ০১৫৫৩-২৯৯৭৭১ |
| ২০. | খিরাতলা | শ্রীপুর | বিজয়নগর | বি-বাড়িয়া | ০১৭৭৯-০৬৪২৯৫ |
| ২১. | ইসলামিক ফাউন্ডেশন | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ | ০৭৮১-৫৫০২১ |
| ২২. | ইসলামিক ফাউন্ডেশন | গোপালগঞ্জ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ | ০৬৬৮-৫৫২৭৬ |
| ২৩. | ইসলামিক ফাউন্ডেশন | কক্সবাজার | কক্সবাজার | কক্সবাজার | ০৩৪১-৬৩৯৭৯ |